# বর্ডার গার্ড বাংলাদেশ
## প্রেস বিজ্ঞপ্তি
www.bgb.gov.bd

ঢাকা: ০৩ জুলাই ২০১৭ (১৯ আষাঢ় ১৪২৪)    বিজ্ঞপ্তি নম্বর-৩৫/২০১৭

**রিজিয়ন কমান্ডার বিজিবি এবং আইজি বিএসএফ পর্যায়ে সীমান্ত সমন্বয় সম্মেলন**

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর রিজিয়ন কমান্ডার, যশোর ও রংপুর রিজিয়ন এবং বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর ফ্রন্টিয়ার আইজি, নর্থ বেংগল, সাউথ বেংগল ও গৌহাটি ফ্রন্টিয়ার পর্যায়ে সীমান্ত সমন্বয় সম্মেলন আগামী ০৪-০৭ জুলাই ২০১৭ তারিখে ভারতের কলকাতায় অনুষ্ঠিত হবে। অতিরিক্ত মহাপরিচালক শাহরীয়ার আহমেদ চৌধুরী, এনডিসি, পিএসসি (**Shahriar Ahmed Chowdhury, ndc, psc**) এর নেতৃত্বে ২৪ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সম্মেলনে যোগদান করবেন। বাংলাদেশ প্রতিনিধিদলে বিজিবির দক্ষিণ-পশ্চিম রিজিয়ন, যশোর এবং উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর এর রিজিয়ন কমান্ডারদ্বয়, উভয় রিজিয়নের অধীনস্থ সংশ্লিষ্ট সেক্টর কমান্ডারগণ, বিজিবির স্টাফ অফিসারবৃন্দ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, যৌথ নদী কমিশন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করবেন।

অপরদিকে বিএসএফ নর্থ বেংগল ফ্রন্টিয়ারের আইজি ড. রাজেশ মিশ্রা, আইপিএস, আইজি (**Dr. Rajesh Mishra, IPS, IG**) এর নেতৃত্বে ২৬ সদস্যের ভারতীয় প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। ভারতীয় প্রতিনিধিদলে বিএসএফ গৌহাটি ও সাউথ বেংগল ফ্রন্টিয়ারের আইজি, সংশ্লিষ্ট সেক্টরের ডিআইজিগণ, ফ্রন্টিয়ার ও সেক্টর পর্যায়ের ষ্টাফ অফিসারবৃন্দ উপস্থিত থাকবেন। এ ছাড়াও ভারতীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরো এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ প্রতিনিধিত্ব করবেন।

সম্মেলনের আলোচ্য বিষয়ের মধ্যে সীমান্তে নিরস্ত্র বাংলাদেশী নাগরিকদের গুলি করা/হত্যা, সীমান্তে বাংলাদেশী নাগরিক আটক, মাদক ও নেশাজাতীয় দ্রব্যের চোরাচালান, অস্ত্র/গোলাবারুদ চোরাচালান, অবৈধভাবে সীমান্ত অতিক্রম, সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ ও বিভিন্ন উন্নয়নমূলক কাজ, বিজিবি-বিএসএফ সমন্বিত টহল, উভয় দেশের নাগরিকদের জন্য মিলন মেলার আয়োজন, উভয় বাহিনীর মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধির উপায় এবং যৌথ সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কসপ ইত্যাদি আয়োজন সংক্রান্ত ইস্যু আলোচনায় স্থান পাবে। সম্মেলন শেষে আগামী ০৭ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশ প্রতিনিধিদল দেশে প্রত্যাবর্তন করবেন।

মুহম্মদ মোহসিন রেজা
জনসংযোগ কর্মকর্তা
মোবাইল-০১৭৬৯৬০০৩৩৮
probgb@gmail.com

প্রতি:

১। ডিউটি অফিসার, সংবাদ কক্ষ, তথ্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান সম্পাদক, বাসস/ইউএনবি/বিডি নিউজ/বাংলা নিউজ/ফোকাস বাংলা, ঢাকা।
৩। প্রধান বার্তা সম্পাদক, ....................................(জাতীয় দৈনিকসমূহ), ঢাকা।
৪। প্রধান বার্তা সম্পাদক, ....................................(সকল টিভি চ্যানেল), ঢাকা।
৫। প্রধান বার্তা সম্পাদক, ....................................(সকল রেডিও চ্যানেল), ঢাকা।